গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর
(আইসিটি শাখা)

স্মারক নং- ০৫.৪৭.০০০০.০১৪.০০১.০১৫.১৫- ৩২৫ (২)

তারিখঃ ০১ মাঘ, ১৪২২ বঙ্গাব্দ।
১৪ জানুয়ারি, ২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ ইনোভেশন টিমের প্রতিবেদন ও বাৎসরিক কর্মপরিকল্পনা প্রেরণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের ২০ ডিসেম্বর, ২০১৫ তারিখের ৭২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনপ্রশাসনের কাজের গতিশীলতা আনয়ন এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের লক্ষ্যে এ বিভাগ এবং বিভাগের আওতাধীন জেলাসমূহের ইনোভেশন টিমের ২০১৫ সালের প্রতিবেদন এবং ২০১৬ সালের বাৎসরিক কর্মপরিকল্পনা মহোদয়ের সদয় অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ ...................... ফর্দ।

১৪/১/১৬

(মুহাম্মদ দিলোয়ার বখত)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ,রংপুর
ফোনঃ ০৫২১-৬৭৪০০(অফিস)
ই-মেইল- divcomrangpur@mopa.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ।
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ
সিনিয়র সহকারী সচিব
ই-গভর্নেন্স শাখা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। ভারপ্রাপ্ত সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

## রংপুর বিভাগীয় ইনোভেশন টিম এর ২০১৬ সালের কর্মপরিকল্পনা

১। আগামী জুন, ২০১৬ এবং ডিসেম্বর, ২০১৬ তে বিভাগীয় ইনোভেশন সার্কেল আয়োজন করা হবে।

২। আগামী জুন এবং ডিসেম্বর মাসে অত্র বিভাগের কার্যক্রম নিয়ে 'ইনোভেশন পরিক্রমা' প্রকাশ করা হবে।

৩। আগামী মার্চে নীলফামারী, এপ্রিলে লালমনিরহাট, মে মাসে গাইবান্ধা, জুনে দিনাজপুর, আগস্টে রংপুর, সেপ্টেম্বরে কুড়িগ্রাম, অক্টোবরে ঠাকুরগাঁও এবং নভেম্বরে পঞ্চগড় জেলায় ইনোভেশন সার্কেল ও সোশ্যাল মিডিয়া সংলাপ আয়োজন করা হবে।

৪। প্রতিমাসের ইনোভেশন টিম ও বিভিন্ন দপ্তরের ইনোভেশন ফলোআপ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এ প্রেরণ করা হবে।

৫। প্রতিটি ইনোভেশন সার্কেলে বিভিন্ন ক্যাটাগরিতে সেরা ৩টি পাইলট উদ্যোগকে স্বীকৃতি প্রদান করা হবে।

৬। সফল পাইলট উদ্যোগসমূহকে রেপ্লিকেশন এর জন্য সুপারিশ করা হবে।

৭। ইনোভেশন সার্কেলে সুপারিশকৃত উদ্যোগসমূহ নির্দিষ্ট সময়ে বাস্তবায়ন করা হবে।

৮। ইনোভেশন কার্যক্রমসমূহ জেলা প্রশাসক সম্মেলনে এবং বিভাগীয় সমন্বয় কমিটির সভায় এজেন্ডাভুক্ত করে আলোচনা করা হবে।

৯। পাইলট উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে নির্দিষ্ট বিরতিতে সভা/ ভিডিও কনফারেন্সের আয়োজন করা হবে এবং বিভাগীয় [illegible] সাথে ত্রৈমাসিক অর্থাৎ আগামী মার্চ, জুন, অক্টোবর এবং ডিসেম্বর, ২০১৬ মাসে সভা আয়োজন করা হবে।


(মুহাম্মদ দিলোয়ার বখ্‌ত)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ,রংপুর
ফোনঃ ০৫২১-৬৭৪০০(অফিস)
ই-মেইল- divcomrangpur@mopa.gov.bd

## ২০১৫ সালের রংপুর বিভাগীয় ইনোভেশন টিম এবং সার্কেলের কার্যক্রম বিষয়ক প্রতিবেদন

বিভাগীয় প্রশাসন, রংপুর এর তত্ত্বাবধানে রংপুর বিভাগীয় ইনোভেশন টিম নিরলসভাবে কাজ করে চলেছে। ২০১৫ সালে রংপুর বিভাগীয় ইনোভেশন টিমের কার্যক্রমকে সংক্ষিপ্ত আকারে নিম্নরূপ ভাবে প্রকাশ করা যায়।

### বিভাগীয় ইনোভেশন টিমের সভাঃ

রংপুর বিভাগীয় ইনোভেশন টিমের সভা নিয়মিতভাবে অনুষ্ঠিত হচ্ছে। বিভাগের ইনোভেশন বিষয়ক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে ২০১৫ তে সারা বছর ব্যাপী এজেন্ডাভিত্তিক আলোচনা করা হয়েছে।

### কর্মশালাঃ

২০১৫ সালে এটুআই প্রোগ্রাম এর সহযোগিতায় রংপুর বিভাগীয় প্রশাসনের অধীনে ২০১৫ সালে ০৫ টি ব্যাচে বিভিন্ন দপ্তরের সর্বমোট ১৪৭ জন কর্মকর্তাকে 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

### প্রকল্পঃ

এ মুহূর্তে রংপুর বিভাগে ৩১৩ টি নির্বাচিত ইনোভেশন প্রকল্প চলমান রয়েছে যেগুলির মধ্যে উল্লেখযোগ্য সংখ্যক প্রকল্প সরকারের উচ্চ পর্যায়ের মনোযোগ আকর্ষণ করতে সক্ষম হয়েছে এবং তাতে জনসংযোগ ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

### প্রকল্প মনিটরিং :

২০১৫ সালে পাইলট উদ্যোগ বাস্তবায়নকারীদের সাথে এবং তাদের বিভাগীয় মেন্টরবৃন্দের সাথে ভিডিও কনফারেন্সের মাধ্যমে যোগাযোগ করা হয়েছে এবং প্রকল্পসমূহের সাফল্য এবং সমস্যা সম্পর্কে খোঁজখবর গ্রহণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় কমিশনার ও অতিরিক্ত বিভাগীয় কমিশনারবৃন্দ বিভিন্ন সময়ে প্রকল্পসমূহ পরিদর্শন করেছেন। বিভাগীয় মেন্টরগণ তাদের নিজ নিজ বিভাগীয় কর্মকর্তাবৃন্দের কার্যক্রমকে মনিটরিং করেছেন এবং গঠনমূলক পরামর্শ প্রদান করেছেন।

### স্বীকৃতি প্রদানঃ

বিগত বছর দুটি ইনোভেশন সার্কেলের মাধ্যমে তিনটি করে মোট ৬টি সেরা পাইলট উদ্যোগকে পুরস্কৃত করা হয়েছে এবং পাইলট উদ্যোগসমূহ রেপ্লিকেশনের সুপারিশের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সেরা ছয়টি পাইলট উদ্যোগ হলো –

i) জেলা সদরে পৌর এলাকার অর্পিত/ পরিত্যক্ত সম্পত্তির লিজ নবায়ন/ নাম পরিবর্তন সহজীকরণ (বাস্তবায়নকারীঃ মোঃ এনামুল হক, অতিরিক্ত জেলা প্রশাসক, নীলফামারী)

ii) ইউনিয়ন পর্যায়ে প্রাণিস্বাস্থ্য সেবা সম্প্রসারণের লক্ষ্যে "ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র" স্থাপন (বাস্তবায়নকারীঃ ডাঃ অমিতাভ চক্রবর্তী, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম)

iii) যুব প্রশিক্ষণ অধিকতর বাস্তব উপযোগী করে আত্মকর্মী সৃজন (মোঃ কামরুজ্জামান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, ঠাকুরগাঁও)

iv) নাগেশ্বরী যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে তথ্যপ্রযুক্তির মাধ্যমে আত্মকর্মসংস্থান সহজীকরণ ( বাস্তবায়নকারীঃ মোঃ মঞ্জুর আলম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী,কুড়িগ্রাম)

v) শিক্ষকদের আর্থিক সুবিধাদি নিশ্চিতকরণে ই-ব্যবস্থাপনা (বাস্তবায়নকারীঃ মোঃ রফিক-উজ-জামান, উপজেলা শিক্ষা অফিসার, কাহারোল, দিনাজপুর) এবং

vi) ওয়ান স্টপ সার্ভিস সেন্টার (বাস্তবায়নকারীঃ এ.বি.এম. রওশন কবীর, সহকারী কমিশনার (ভূমি), রংপুর সদর, রংপুর) ।

## ইনোভেশন সার্কেলঃ

মে এবং নভেম্বর, ২০১৫ তে দুইটি আলাদা বিভাগীয় ইনোভেশন সার্কেল আয়োজন করা হয়েছে এবং এ দুটি ইনোভেশন সার্কেলে যথাক্রমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং মন্ত্রিপরিষদ সচিব উপস্থিত ছিলেন। এছাড়াও বিভাগের ০৮ জেলায় এবং ৫১ টি উপজেলায় ইনোভেশন সার্কেল আয়োজন করা হয়েছে যার মাধ্যমে বিভাগের ইনোভেশন কার্যক্রম আরো বেশি গতিশীলতা পেয়েছে।

## সোশ্যাল মিডিয়া আড্ডাঃ

২০১৫ সালে মন্ত্রিপরিষদ বিভাগ এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনায় রংপুর বিভাগীয় ইনোভেশন টিম সময়ে সময়ে সোশ্যাল মিডিয়া আড্ডা আয়োজন করেছে এবং বিভাগের আওতাধীন জেলা ও উপজেলাসমূহ বিষয়টি অনুসরণ করেছে; এবং এই কার্যক্রম চলমান সালেও অব্যাহত রয়েছে।

## পাবলিক সার্ভিস ইনোভেশন পেইজঃ

সোশ্যাল ওয়েবসাইটগুলোতে রংপুর বিভাগীয় ইনোভেশন টিম নিয়মিতভাবে তাদের কার্যক্রমের প্রচারণা অব্যাহত রেখেছে এবং অনেক ক্ষেত্রেই বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে সংবাদ মাধ্যম সমূহকে অবহিত করা হয়েছে। একইসাথে, পাবলিক সার্ভিস ইনোভেশন বাংলাদেশ, ন্যাশনাল ওয়েব পোর্টাল ফ্রেমওয়ার্ক সহ অন্যান্য ফেইসবুক পেইজ এর পরামর্শ বিভাগীয় অনোভেশন টিম বাস্তবায়ন করে চলেছে।

## জাতীয় তথ্য বাতায়ন, ন্যাশনাল ই সার্ভিস সিস্টেম প্রভৃতি বিষয়ক কার্যক্রমঃ

মন্ত্রিপরিষদ বিভাগ, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রাম সহ অন্যান্য দপ্তর থেকে প্রণীত ওয়েব পোর্টাল, ন্যাশনাল ই সার্ভিস সিস্টেম, এমসিএমএস প্রভৃতির কার্যক্রম ২০১৫ সাল ব্যাপী বিভাগীয় ইনোভেশন টিম থেকে গভীরভাবে পর্যবেক্ষণ করা হয়েছে এবং সেগুলোর উন্নয়নে কার্যক্রম চলমান রয়েছে।

## বিভাগীয় ইনোভেশন টিমের অর্জনঃ

ইতোপূর্বে রংপুর বিভাগ তার কার্যক্রমের স্বীকৃতি স্বরূপ ডিজিটাল সেবা পুরস্কার - ২০১৫ অর্জন করেছে যা ইনোভেশন টিমের কার্যক্রমের জন্য একটি মোটিভেশন হিসেবে কাজ করছে।

বিভাগীয় ইনোভেশন টিম থেকে সর্বদা জনসেবার ক্ষেত্রে ইনোভেশনের বিষয়ে গুরুত্বারোপ করা হয়ে থাকে। বিভাগীয় ইনোভেশন টিম, রংপুর এর আয়োজনে আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিকভাবে উদ্যোক্তাদের প্রণোদনা প্রদান করা হয়েছে এবং এ বিষয়ে জনপ্রতিনিধিদের অন্তর্ভুক্ত করার চেষ্টা চালানো হয়েছে। বিভাগীয় প্রশাসন, রংপুর বিশ্বাস করে এবং এই বিশ্বাস উদ্যোক্তাদের মাঝে প্রোথিত করতে চায় যে, "Innovation allows failures".

(মুহাম্মদ দিলোয়ার বখত)
বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ,রংপুর
ফোনঃ ০৫২১-৬৭৪০০(অফিস)
ই-মেইল- divcomrangpur@mopa.gov.bd